

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.২৫৬.২০১৯/১৪৬৬/২

০২/০৫/১৪২৬বঙ্গাব্দ  
তারিখ: ২৭/০৮/২০১৯খ্রিস্টাব্দ


বিষয়: মাদারীপুর জেলার কালকিনি উপজেলার সাহেব রামপুর কবি নজরুল ইসলাম কলেজের সহকারী লাইব্রেরিয়ান নিয়োগে জালিয়াতির অভিযোগ।

সূত্র: জনাব মোঃ মাহফুজুর রহমান, ৩২১/২, সেনপাড়া পর্বতা, মিরপুর, ঢাকা-১২১৬ এর ০৩/০৭/২০১৯খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদারীপুর জেলার কালকিনি উপজেলাধীন সাহেব রামপুর কবি নজরুল ইসলাম কলেজের সহকারী লাইব্রেরিয়ান নিয়োগের জালিয়াতি বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনাব মোঃ মাহফুজুর রহমান, ৩২১/২, সেনপাড়া পর্বতা, মিরপুর, ঢাকা-১২১৬ অভিযোগ দাখিল করেছেন।

অভিযোগ: হুমায়ুন কবির, লাইব্রেরিয়ান জালিয়াতির মাধ্যমে নিয়োগ নিয়েছে এবং অধ্যক্ষ মোবারক অস্তিত্বহীন একটা কলেজের অভিজ্ঞতা সনদের মাধ্যমে নিয়োগ নিয়েছে। হুমায়ুন কবির, লাইব্রেরিয়ান এর নিয়োগকালীন জনবল কাঠামো অনুযায়ী তার নিয়োগ অবৈধ। বর্ণিত বিষয়ে জরুরী পদক্ষেপ গ্রহণ এবং তথ্য অধিকার আইনে যাতে তথ্য পেতে পারে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেছেন।

এমতাবস্থায়, বর্ণিত অভিযোগের বিষয়ে প্রমাণকসহ মতামত প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
২৭-০৮-১৯

(ফারহানা আক্তার)  
সহকারী পরিচালক (কলেজ-৩)  
ফোন: ৯৫৫৬০৫৭  
Email: ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

সাহেব রামপুর কবি নজরুল ইসলাম কলেজ  
কালকিনি, মাদারীপুর

অনুলিপি (প্রয়োজনীয় কার্যার্থে):

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, সাহেব রামপুর কবি নজরুল ইসলাম কলেজ, কালকিনি, মাদারীপুর
- ২। সংরক্ষণ নথি।